# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল ও পরিবেশ বিষয় কোড: | ১ | ১ | ০ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ পরিবেশ বিষয়ক এক সেমিনারে ভূগোলবিদ জনাব কালাম বলেন, ভূগোল মানুষ ও প্রাকৃতিক পরিবেশের সমন্বয়ের মিথস্ক্রিয়া আলোচনা করে।


ক. অধ্যাপক কার্ল রিটার ভূগোলকে কী বলে আখ্যায়িত করেন? ১

খ. Geography বলতে কী বোঝায়? আলোচনা কর। ২

গ. উদ্দীপকে আলোচিত সম্পর্কটি ব্যাখ্যা কর। ৩

ঘ. কালাম সাহেবের মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২.▶ নিচের চিত্রটি দেখ :




ক. সৌরজগৎ কী? ১

খ. গ্রহকে নক্ষত্র বলা যায় না কেন? ২

গ. A গ্রহে কোন প্রাণের অস্তিত্ব থাকা সম্ভব নয় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. C গ্রহ বৈশিষ্ট্যগত দিক থেকে B গ্রহটির অনুরূপ কী? তোমার মতামত দাও। ৪

৩.▶ নিচের চিত্রটি লক্ষ্য কর :



Teachingbd24.com

ক. খনিজ কি? ১

খ. লাভা উদগিরণ হয় কেন? ২

গ. চিত্রের বিষয়টি ভূমিরূপ পরিবর্তনে কী ভূমিকা রাখতে পারে ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্রের বিষয়টি মানুষের জীবনধারার ওপর কল্যাণকর প্রভাব ফেলে- আলোচনা কর। ৪

৪.▶ মাজেদ ৭০°৪৫ দ্রাঘিমায় অবস্থিত ক শহর থেকে বিমানযোগে ১৫°৪৫ দ্রাঘিমায় অবস্থিত খ শহরের উদ্দেশ্যে রওনা দেয়। দ্বিতীয় শহরে পৌছে বিমান বন্দরের ঘড়িতে সে দেখল সন্ধ্যা ৭টা বাজে। যা 'ক; শহরের স্থানীয় সময় থেকে ভিন্ন।

ক. গ্রিনিচের দ্রাঘিমা কত ধরা হয়? ১

খ. দ্রাঘিমারেখা বলতে কী বোঝায়? ২

গ. 'খ' স্থানে সকাল ৭টা বাজলে 'ক' স্থানের স্থানীয় সময় কত? ৩

ঘ. মাজেদ বিমানবন্দরের ঘড়িতে যে সময় দেখেছিল তার সাথে প্রমাণ সময়ের তুলনা কর। ৪

Teachingbd24.com

৫.▶ নিচের চিত্রটি লক্ষ কর :




ক. বায়ুমন্ডল কি? ১

খ. জীবজন্তুর উপর বায়ুমন্ডলের প্রভাব বেশি কেন? ২

https://teachingbd24.com

গ. চিত্রে প্রদর্শিত 'B' এর বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. কৃষিকাজে 'A' এর গুরুত্ব অপরিসীম- উক্তিটির যথার্থতা নিরূপণ কর ৪

৬.▶ সম্প্রতি মিয়ানমার সেনাবাহিনী রোহিঙ্গা মুসলমানদের উপর চরম দমন অভিযান চালাচ্ছে। ফলে নিজেদের জীবন রক্ষার্থে রোহিঙ্গা মুসলমানগণ বাংলাদেশে আশ্রয় নেয়।

ক. অভিগমন কী? ১

খ. শরণার্থী বলতে কি বোঝায়? ২

গ. বাংলাদেশে রোহিঙ্গাদের আশ্রয় গ্রহণ কোন ধরনের অভিগমন ব্যাখ্যা করো। ৩

ঘ. রোহিঙ্গাদের অভিগমনে কক্সবাজার অঞ্চলের সার্বিক পরিবেশের উপর কীরূপ প্রভাব ফেলবে- বিশ্লেষণ কর। ৪

৭.▶ আশফাক সাহেব একজন নামকরা চিকিৎসক। কিন্তু তার বাবা একজন কৃষক ছিলেন।


ক. অর্থনৈতিক কার্যাবলী কাকে বলে? ১

খ. প্রথম পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলি বলতে কি বোঝায়? ২


গ. আশফাক সাহেবের বাবা ও দ্বিতীয় পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলির তুলনা কর। ৩

ঘ. আশফাক সাহেব ও তার বাবার কাজ কি একই পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলি? বিশ্লেষণ কর। ৪

৮.▶ নিচের চিত্রগুলো লক্ষ কর।



চিত্র-ক



চিত্র-খ

ক. মেমোসিফ নগর কোথায় গড়ে উঠেছে? ১

খ. বিক্ষিপ্ত বসতি গড়ে উঠার কারণ কি? ২

গ. খ চিহ্নিত বসতির বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩

Teachingbd24.com

ঘ. ক ও খ বসতির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৯.▶ মীনাদের পরিবার পদ্মা নদীর পাড়ে থাকে। প্রতি বছর প্রাকৃতিক দুর্যোগের কারণে তাদের গ্রামের অনেক মানুষ গৃহহীন হয়ে পড়েছে। কারণ তাদের জমি নদীগর্ভে বিলীন হয়ে গেছে।


ক. বাংলাদেশে নদীর সংখ্যা কত? ১

খ. দুর্যোগ ব্যবস্থাপনার ছকটি উপস্থাপন-কর। ২

গ. মীনাদের পরিবার যে নদীর পাড়ে থাকে সে নদী গ্রামবাসীদের কী করেছে? ৩

ঘ. মীনাদের পরিবারের মতো লোকদের রক্ষার উপায়ে তোমার মতামত দাও। ৪

১০.▶




ক. বনজ সম্পদ কাকে বলে? ১

খ. কোনো দেশের প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় বনভূমি থাকা প্রয়োজন কেন? ২

গ. B অঞ্চলে বিশেষ ধরনের বনভূমি সৃষ্টির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. A ও B অঞ্চলের বনভূমি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কিভাবে ভূমিকা রাখতে পারে তা বিশ্লেষণ কর। ৪

১১.▶ ক দেশটির তিনদিকে ভারত। এক পাশে মিয়ানমার অবস্থিত। এর মহীসোপানের দৈর্ঘ্য ৩৫০ নটিক্যাল মাইল।

ক. এক নটিক্যাল মাইলে কত কি.মি. ১

খ. বাংলাদেশে কেন প্লাবন ভূমি গঠিত হয়? ২

গ. ক দেশটির ভুপ্রকৃতির বিবরণ দাও। ৩

ঘ. উদ্দীপকের ক দেশটির আয়তন বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড: ১ ১ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'Geography' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ⓚ গ্রীক ⓚ ল্যাটিন
ⓖ ইংরেজি ⓖ স্প্যানিশ

২. জলন্ত বাষ্পপীণ্ড কী?
ⓚ কৃষ্ণবামন ⓚ নক্ষত্র
ⓖ গ্রহ ⓖ উল্কা

৩. টপোগ্রাফিক মানচিত্রের স্কেল কত হলে বৈশিষ্ট্যগুলো ভালোভাবে প্রকাশ পায়?
ⓚ ১:২০০ ⓚ ১:২০০০
ⓖ ১:২০০০০ ⓖ ১:২০০০০০

৪. জন্মের সময় পৃথিবী কীরূপ ছিল?
ⓚ শীতল
ⓚ ঘনীভূত
ⓖ গ্যাসপিণ্ড
ⓖ উত্তপ্ত গ্যাসপিণ্ড

৫. বিভিন্ন প্রকার অধঃক্ষেপন হলো—
i. শিলাবৃষ্টি
ii. বৃষ্টিপাত
iii. তুষারপাত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৬. পৃথিবীর গভীরতম মহাসাগর কোনটি?
ⓚ প্রশান্ত ⓚ আটলান্টিক
ⓖ ভারত ⓖ দক্ষিণ

৭. জনসংখ্যার ঘনত্ব কোন অঞ্চলে অনেক বেশি?
ⓚ পাহাড়ী অঞ্চলে ⓚ গঙ্গা উপত্যকায়
ⓖ উপকূল অঞ্চলে ⓖ বরেন্দ্রভূমিতে

বহুতল ভবনের বাসিন্দা মেহেদি সাহেবের বন্ধু জানালা দিয়ে দেখলো চারদিকে শুধু পাকা ভবন আর ভবন

উপরের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :

৮. মেহেদি সাহেবের বন্ধুর পরিবার কোথায় বাস করেন?
ⓚ শহরে ⓚ গ্রামে
ⓖ প্রবাসে ⓖ নদী তীরে

৯. বাংলাদেশের এরূপ বসতি অঞ্চল—
i. অপরিকল্পিত
ii. নানাবিধ সমস্যায় জর্জরিত
iii. চিকিৎসা সুবিধা ভোগ করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১০. প্রথম পর্যায়ের অর্থনৈতিক কর্মকাণ্ড কোনটি?
ⓚ শিল্প ⓚ চিকিৎসা
ⓖ কৃষি ⓖ শিক্ষকতা

১১. ব্রহ্মপুত্রের প্রধান উপনদী কোনটি?
ⓚ তিস্তা ⓚ বংশী
ⓖ শীতলক্ষ্যা ⓖ ট্যাংগন

১২. লিগনাইট কয়লা উত্তোলন করা হয় কোথায়?
ⓚ মধ্যপাড়া ⓚ বাখিয়া
ⓖ বড়পুকুরিয়া ⓖ ছাতক

১৩. বাংলাদেশে ফেরিঘাট কতগুলো আছে?
ⓚ ৩২ ⓚ ৩৪
ⓖ ৩৬ ⓖ ৩৮

১৪. বাস্তুসংস্থান ক্ষতিগ্রস্ত হওয়ার প্রভাব কী?
ⓚ গ্রীনহাউস প্রতিক্রিয়া তীব্র হয়
ⓚ পরিবেশ দূষিত হয়
ⓖ পরিবেশের ভারসাম্য নষ্ট হয়
ⓖ মরুকরণ হয়

১৫. বাংলাদেশ একটি—
i. শীতপ্রধান দেশ
ii. নদীমাতৃক দেশ
iii. বৃষ্টিবহুল দেশ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

Teachingbd24.com

১৬. ভৌত পরিবেশের উপাদান কোনটি?
Ⓚ উৎসব অনুষ্ঠান
Ⓚ আচার অনুষ্ঠান
Ⓖ সাগর
Ⓖ রীতিনীতি

১৭. বিজ্ঞানীদের মতে ছায়াপথ কেমন?
ⓚ উপবৃত্তাকার মণ্ডল
ⓚ সর্পিলাকার মণ্ডল
ⓖ চক্রাকার মণ্ডল
ⓖ সরল রৈখিক মণ্ডল

১৮. প্রতি ডিগ্রী দ্রাঘিমা অতিক্রম করতে পৃথিবীর কত সময় লাগে?
ⓚ ৪ মিনিট ⓚ ৮ মিনিট
ⓖ ১২ মিনিট ⓖ ১৬ মিনিট

১৯. জিপিএস তথ্য সংগ্রহ করে কোথা থেকে?
ⓚ ভূ-উপগ্রহ থেকে ⓚ উপগ্রহ
ⓖ গ্রহ থেকে ⓖ নক্ষত্র থেকে

২০. রকি কোন ধরনের পর্বত?
ⓚ ভঙ্গিল ⓚ আগ্নেয়
ⓖ ক্ষয়জাত ⓖ স্তূপ

২১. জেট বিমানগুলো সাধারণত স্ট্রাটোমণ্ডলে চলাচল করে কেন?
ⓚ গ্যাসীয় পদার্থ না থাকায়
ⓚ ঝড়বৃষ্টি না থাকায়
ⓖ বায়ু না থাকায়
ⓖ ধূলিকণা না থাকায়

২২. বঙ্গোপসাগর একটি–
ⓚ মহাসাগর
ⓚ উপসাগর
ⓖ সাগর
ⓖ হ্রদ

২৩. মহীসোপানের বিস্তৃতি কিসের উপর নির্ভরশীল?
ⓚ পাদদেশ
ⓚ ঢাল
ⓖ উপকূলের বন্ধুরতা
ⓖ ভাঁজ

২৪. অভিগমনকে কত ভাগে ভাগ করা যায়?
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

২৫. ধীমান একজন চাকুরীজীবী। কিন্তু তার পিতা ছিলেন এদেশের সংখ্যাগরিষ্ঠ জনসংখ্যার পেশার অনুগামী। ধীমানের পিতার পেশা কী?
ⓚ সৈনিক ⓚ কৃষক
ⓖ শিক্ষক ⓖ ব্যবসায়ী

২৬. পণ্য আমদানী করা হয় কিসের ভিত্তিতে?
ⓚ দামের ⓚ যোগানের
ⓖ চাহিদার ⓖ বিনিয়োগের

২৭. স্থায়ী বসবাসের জন্য কোন ভূমিরূপ আদর্শ?
ⓚ পর্বত ⓚ সমভূমি
ⓖ পাহাড় ⓖ মালভূমি

২৮. আমাদের দেশের বৃহত্তম নদী কোনটি?
ⓚ যমুনা ⓚ ব্রহ্মপুত্র
ⓖ পদ্মা ⓖ মেঘনা

২৯. হিউয়েন সাং কোন দেশের অধিবাসী?
ⓚ কোরিয়া ⓚ চীন
ⓖ রাশিয়া ⓖ জাপান

৩০. যে কোনো প্রাকৃতিক দুর্যোগে সকলকে এগিয়ে আসা দুর্যোগ ব্যবস্থাপনার কোন স্তরের আওতাভুক্ত?
ⓚ প্রতিরোধ
ⓚ প্রশাসন
ⓖ সাড়াদান
ⓖ পূর্বপ্রস্তুতি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ⓖ | ২ | ⓚ | ৩ | ⓖ | ৪ | ⓖ | ৫ | ⓖ | ৬ | ⓚ | ৭ | ⓚ | ৮ | ⓚ | ৯ | ⓖ | ১০ | ⓖ | ১১ | ⓚ | ১২ | ⓖ | ১৩ | ⓚ | ১৪ | ⓖ | ১৫ | ⓚ |
| | ১৬ | ⓖ | ১৭ | ⓖ | ১৮ | ⓚ | ১৯ | ⓚ | ২০ | ⓚ | ২১ | ⓚ | ২২ | ⓚ | ২৩ | ⓖ | ২৪ | ⓚ | ২৫ | ⓚ | ২৬ | ⓖ | ২৭ | ⓚ | ২৮ | ⓖ | ২৯ | ⓚ | ৩০ | ⓖ |

https://teachingbd24.com